



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/28/2022

গভর্নর ক্যাথি হোকল

হারিকেন ইয়ান সম্পর্কে গভর্নর ক্যাথি হোকলের বিবৃতি

"হারিকেন ইয়ান ফ্লোরিডা উপকূলে আঘাত হানছে, আমি তাই সকল নিউ ইয়র্কবাসীর সাথে যোগ দিয়ে প্রার্থনা করছি যাতে ভয়ঙ্কর এই ঝড় দ্বারা আক্রান্ত প্রত্যেক ব্যক্তি নিরাপদ এবং সুস্থ থাকে।

ত্রাণ প্রচেষ্টায় সহায়তা করতে, আমি নিউ ইয়র্ক আর্মি ন্যাশনাল গার্ডকে (New York Army National Guard) নির্দেশনা দিয়েছি ফ্লোরিডা ন্যাশনাল গার্ডকে (Florida National Guard) সহায়তা করতে এবং প্রয়োজনমতো এয়ারলিফট সমর্থন প্রদান করতে দুইটি CH-47F চিনুক হেলি লিফ্ট হেলিকপ্টার এবং 11 জন সার্ভিস সদস্য প্রেরণ করার জন্য। তারা ফ্রেডরিক ডগলাস গ্রেটার রচেস্টার আন্তর্জাতিক বিমানবন্দরের (Frederick Douglass Greater Rochester International Airport) আর্মি এভিয়েশন সাপোর্ট ফ্যাসিলিটি 3 (Army Aviation Support Facility 3) থেকে রওনা হয়েছে এবং ফ্লোরিডার জ্যাকসনভিলে পৌঁছাবে।

আমরা এইসব নিউ ইয়র্কবাসীদের বীরত্বের জন্য কৃতজ্ঞ যারা দায়িত্বের ডাকে সাড়া দিচ্ছে, এবং একইসাথে ফ্লোরিডার মানুষকে সহায়তা ও সমর্থন প্রদানে বর্তমানে কাজ করতে থাকা প্রথম সাড়াদানকারীদের অসাধারণ প্রচেষ্টার জন্য কৃতজ্ঞ। নিউ ইয়র্ক সবসময় প্রয়োজনের সময় আমাদের প্রতিবেশীদের সাহায্য করতে অগ্রসর হবে।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে: www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418